নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস
P.O. Box 22001
Albany, NY 12201-2001
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

NEW YORK STATE OF OPPORTUNITY. | Division of Licensing Services

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি শীঘ্র আপনার আবেদন করতে পারবেন এবং হালখবর পাবেন এবং এর সাহায্যে আপনি লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে পারবেন।

এখানে আমাদের ওয়েবসাইট দেখুন: www.dos.ny.gov

আরো তথ্যের জন্য অনুগ্রহ করে এই নির্দেশগুলির অনলাইন বিভাগ দেখে নিন।

আবেদন সম্পূর্ণ করার আগে সাবধানে নির্দেশগুলি পড়ে নিন। সব কটি ক্ষেত্র পূরণ করা আবশ্যক, অসম্পূর্ণ আবেদন ফেরত পাঠিয়ে দেওয়া হবে, তার ফলে লাইসেন্স পেতে দেরী হবে। কিছু বাদ দেওয়া হলে, ভুল তথ্য জানানো হলে বা আবেদনে অথবা সহায়ক দলিলে সম্পূর্ণ তথ্য না জানানো হল তা লাইসেন্স প্রত্যাখ্যান করার যথেষ্ট কারণ মনে করা হবে, বা যদি লাইসেন্স জারি করা হয়ে গিয়ে থাকে তাহলে সেই লাইসেন্স সাসপেন্ড বা নাকচ করে দেওয়া যায়।

"নাপিতের কাজে" কি কি করা হয়?

নাপিত হওয়ার কাজ মানে একটি মূল্যের (বা কোন বিবেচনার) বিনিময়ে নিম্নলিখিত পরিষেবাগুলি একজন মানুষের মাথার উপর প্রদান করা হয়:

- দাড়ি কাটা অথবা ছাঁটা অথবা চুল কাটা;
- তেল অথবা ক্রিম দিয়ে মুখের অথবা মাথার উপরের ম্যাসেজ দেওয়া, লোশন অথবা অন্যান্য প্রস্তুত করা দ্রব্য, হয় হাত দ্বারা অথবা মেকানিকাল যন্ত্রগুলির দ্বারা;
- সিঙ্গার করা, শ্যাম্পু করা, সাজানো, গোছানো অথবা রং করা চুলে অথবা চুলের টনিক দেওয়া; এবং
- কস্মেটিক প্রিপারেশন, অ্যান্টিসেপ্টিক, পাউডার, তেল, ক্লে অথবা লোশন যা মাখানো হবে মাথার চামড়ায়, মুখ অথবা ঘাড়ে।

নিউ ইয়র্ক স্টেটে নাপিতের কাজ করার জন্য আপনাকে অবশ্যই একটি লাইসেন্স পেতে হবে। নাপিতের কাজ করার লাইসেন্স আপনাকে একটি ব্যবসা চালাতে অনুমতি দেয় *না*। একটি আলাদা নাপিতের দোকানের লাইসেন্স প্রয়োজন ব্যবসা চালানোর জন্য।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কাছে কি কি যোগ্যতা থাকা দরকার?

যদি আপনার অন্তত 17 বছর বয়স হয়, আপনি হয়তো একটি **নাপিতের** লাইসেন্সের জন্য আবেদন করতে পারেন এগুলির ভিত্তিতে **শিক্ষানবিশি, শিক্ষা, অভিজ্ঞতা, পূর্ব এনওয়াইএস লাইসেন্স অথবা পারস্পরিক. সমস্ত আবেদনকারীকে অবশ্যই একটি একবারের কোর্স করতে হবে** "ছোঁয়াচে অসুখের ছড়িয়ে পড়া এবং নাপিতের দোকানে কাজে লাগানো স্বাস্থ্যবিধান এবং নির্বীজকরনের সঠিক পদ্ধতিগুলি" এর ব্যাপারে অধ্যয়নের। এই কোর্সটি অবশ্যই নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডেপার্টমেন্ট দ্বারা অনুমোদিত হতে এবং কোর্স সম্পূর্ণ হওয়ার আসল প্রমাণ অবশ্যই এই অ্যাপ্লিকেশনের সঙ্গে জমা করতে হবে।

1) **শিক্ষানবিশি—** শিক্ষানবিশির উপর ভিত্তি করে একটি লাইসেন্সের জন্য আবেদন করতে হলে, আপনাকে অবশ্যই একজন এনওয়াইএস-লাইসেন্সপ্রাপ্ত নাপিতের অধীনে এনওয়াইএস-রেজিস্টার্ড নাপিতের শিক্ষানবিশ হিসাবে দু বছরের জন্য কাজ করতে হবে।
কাগজের আবেদনে স্কুলের ডায়রেক্টরের আবেদন পত্রের **New York State দ্বারা অনুমোদিত স্কুল দ্বারা সমর্থন** বিভাগ সম্পূর্ণ এবং স্বাক্ষর করে দিতে হবে। এই ফর্মটিকে অবশ্যই কাগজের আবেদনপত্রের সঙ্গে জমা করতে হবে।
একটি অনলাইন অ্যাপ্লিকেশনে, আপনি যে নাপিতের শিক্ষানবিশি করেছেন তার অনন্য চিহ্নিতকরণ সংখ্যা (UID) প্রবেশ করান এবং তিনি একটি ইমেল পাবেন একটি পিন নাম্বার সহ যার সাহায্যে এনওয়াইএস লাইসেন্স সেন্টার সিস্টেমে সুপারভাইজার স্ট্যাটাস প্রত্যয়ন করতে পারবেন।
অনলাইনে আপনার ব্যবহারিক পরীক্ষার সময়সূচী নির্দিষ্ট করার জন্য আপনি একটি ইমেল পাবেন।

2) **নিউ ইয়র্ক স্টেটের বাইরে শিক্ষা–** এনওয়াইএস এর বাইরে কোন শিক্ষার ভিত্তিতে আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই জমা করতে হবে আপনার লাইসেন্স এর সার্টিফিকেট, কোর্স সার্টিফিকেট এবং কোর্সে শেখানো সমস্ত বিষয়ের বিস্তারিত বিবরণ সহ ট্রান্সক্রিপ্ট।
আমরা আপনার আবেদনপত্র দেখার এবং পর্যালোচনা করার পরে, আপনি অনলাইনে আপনার ব্যবহারিক পরীক্ষার সময়সূচী নির্দিষ্ট করার তথ্য সহ একটি ইমেল পাবেন।

3) **নিউ ইয়র্ক স্টেট শিক্ষা—** নিউ ইয়র্ক স্টেটের মধ্যের শিক্ষার ভিত্তিতে লাইসেন্স এর জন্য আবেদন করার জন্য, আপনাকে অবশ্যই এনওয়াইএস - অনুমোদিত স্কুলে একটি নাপিতের কোর্স সম্পূর্ণ করতে হবে। কাগজের আবেদনপত্রের ক্ষেত্রে স্কুলের ডিরেক্টরকে অবশ্যই আবেদনপত্রের **নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত স্কুলের প্রমাণ** অংশ সম্পূর্ণ এবং স্বাক্ষর করতে হবে।
এনওয়াইএস লাইসেন্স সেন্টার ব্যবহার করে একটি অনলাইন আবেদনের ক্ষেত্রে, আপনাকে অবশ্যই আপনার স্কুলের সার্টিফিকেটে তালিকাভুক্ত করা কারিকুলাম কোড প্রবেশ করাতে হবে। যেসব স্কুল অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশ নেবে তাদের NYS লাইসেন্স সেন্টারের মাধ্যমে শিক্ষার্থীর দ্বারা কোর্স সম্পূর্ণ করা নিশ্চিত করতে হবে। যেসব স্কুল অনলাইন সার্টিফিকেশন প্রোগ্রামে অংশ নেবে না তারা অনলাইন আবেদনের সময় "NYS স্কুলে পড়ায় নিশ্চিতকরণ" বিভাগে পৌঁছানোর পর আপনার স্কুলের সার্টিফিকেট আপলোড করে দিতে হবে। যে পাঠ্যক্রম কোড বেছে নেওয়া হবে সেইমত কোন পদ্ধতি প্রয়োজন তা সিস্টেম আপনাকে জানিয়ে দেবে।

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

আমরা আপনার আবেদনপত্র দেখার এবং পর্যালোচনা করার পরে, আপনি আপনার ব্যবহারিক পরীক্ষার সময়সূচী নির্দিষ্ট করার তথ্য সহ একটি ইমেল পাবেন

অনলাইনে। অনুমোদিত স্কুলগুলির ব্যাপারে তথ্য পাওয়ার জন্য, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন বিভাগকে কল করুন (518) 474-3969 নাম্বারে প্রোপ্রাইটারি (ব্যক্তিগত) স্কুলের ব্যাপারে তথ্যের জন্য অথবা (518) 486-1547 নাম্বারে পাবলিক স্কুলের জন্য।

4) **অভিজ্ঞতা—** আপনার অন্ততপক্ষে তিন বছরের অভিজ্ঞতা থাকা উচিৎ
অন্য কোন দেশ অথবা রাজ্যের নাপিতের কাজ করার, অভিজ্ঞতার ভিত্তিতে লাইসেন্সের আবেদন করার জন্য। যে স্টেট বোর্ডের মাধ্যমে আপনি লাইসেন্স প্রাপ্ত তার একটি আসল প্রতিলিপি জমা করুন এবং দুটি **অভিজ্ঞতা বিবৃতি** (আমাদের ওয়েবসাইটে উপলব্ধ আছে)। আমরা
আপনার অভিজ্ঞতা পর্যালোচনা এবং নিশ্চিত করার পরে এবং আপনার আবেদন মঞ্জুর করার পরে, আপনি অনলাইনে আপনার ব্যবহারিক পরীক্ষার সময়সূচী নির্ধারণ করার জন্য একটি ইমেল পাবেন।

5) **আগের নিউ ইয়র্ক স্টেট লাইসেন্স—** যে ব্যক্তি তার লাইসেন্সের তারিখে উল্লিখিত মেয়াদ শেষের পাঁচ বছরের মধ্যে পুনর্নবীকরণের জন্য আবেদন এবং ফী জমা করায় ব্যর্থ হবেন তিনি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ না হওয়া পর্যন্ত এইরূপ লাইসেন্স পাওয়ার অযোগ্য হবেন। বিগত লাইসেন্সের প্রমাণের প্রয়োজন হতে পারে।

6) **পারস্পরিকতা —** মেইন, নিউ মেক্সিকো, এবং পেন্সিলভ্যানিয়াতে সমরূপ লাইসেন্স স্ট্যান্ডার্ড থাকার কারণে, আমরা এনওয়াইএস ব্যবহারিক পরীক্ষার প্রয়োজনীয়তা ছেড়ে দেবো যদি আপনি একটি আসলের প্রতিলিপি সরবরাহ করতে পারেন
এই সমস্ত রাজ্যগুলির কোন একটি থেকে সার্টিফিকেট, আপনার আবেদনপত্র এবং ফি সহ।

কাগজের আবেদনে আমার কেন আমার ইমেল অ্যাড্রেস জানাতে হবে?

এনওয়াইএস লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট তৈরি করার জন্য আপনার ইমেল ঠিকানা ব্যবহার করা হবে। ইমেলের মাধ্যমে অধিকাংশ খবরাখবর জানানো হবে। ভবিষ্যতে আপনি যদি আপনার ইমেল অ্যাড্রেস বদলে নেন তাহলে আপনার অ্যাকাউন্টে লগ ইন করে নতুন ইমেল অ্যাড্রেস হালনাগাদ করে দিতে হবে।

কিভাবে আমার ব্যবহারিক পরীক্ষার সময় স্থির করব?

পরীক্ষার সময় স্থির শুধুমাত্র অনলাইনে উপলব্ধ আছে। একবার আপনার আবেদন অনুমোদিত হয়ে গেলে, আপনি একটি ইমেলে সুচনা পাবেন যা আপনাকে এনওয়াইএস লাইসেন্স সেন্টার ওয়েবাইটে নিয়ে যাবে। সেখান থেকে প্রদত্ত লিঙ্ক দ্বারা আপনি আপনার পরীক্ষার সময় স্থির করতে পারবেন। আপনি যদি জানিয়ে থাকেন যে আপনার পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্ত প্রয়োজন, সেক্ষেত্রে আপনার পক্ষ থেকে পরীক্ষার সময় স্থির করার জন্য ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন।

উপলব্ধ পরীক্ষার সাইটগুলি কোথায় কোথায়?

চারটি ব্যবহার পরীক্ষার কেন্দ্র আছে, অ্যালবানি, রচেস্টার, নিউ ইয়র্ক সিটি, এবং লং আইল্যান্ড। আপনি এই স্থানগুলির যে কোন একটির জন্য আপনার পরীক্ষা স্থির করবেন।

লাইসেন্স ফী এবং মেয়াদ কত?

আবেদনের ফি হচ্ছে $40। আপনার লাইসেন্স চার বছরের জন্য কার্যকরী হবে।
সমস্ত আবেদনকারীর (যারা পারস্পরিকতার অধীনে যোগ্য হচ্ছেন তারা ছাড়া) অবশ্যই একটি ব্যবহারিক পরীক্ষা নেওয়া এবং পাস করা উচিৎ। একটি $15 পরীক্ষার ফি প্রয়োজন প্রতিটি পরীক্ষা নেওয়ার জন্য এবং এগুলি সংগ্রহ করা হবে যখন আপনি অনলাইনে আপনার পরীক্ষার সময় স্থির করবেন।

আপনারা কি ধরণের পেমেন্ট নেবেন?

আপনি ডিপার্টমেন্ট অফ স্টেটের নামে চেকে বা মানি অর্ডারে পেমেন্ট করতে পারেন। এছাড়া আপনি ক্রেডিট কার্ডের অনুমতি পত্র ব্যবহার করে বা অনলাইনে আবেদন করার সময়, অ্যামেরিকান এক্সপ্রেস, মাস্টারকার্ড বা ভিসা দিয়েও পেমেন্ট করতে পারেন। নগদ অর্থ পাঠাবেন না। **আবেদনের ফী ফেরতযোগ্য না।** আপনার ব্যাঙ্ক যদি চেক ফেরত দেয় তাহলে $20 ফী দাবি করা হবে।

লাইসেন্স পাওয়ার জন্য আমার কি শারীরিক পরীক্ষা করাতে হবে?

হ্যাঁ। নাপিতের লাইসেন্স পাওয়ার জন্য আবেদন করতে হলে আপনার একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে। আপনি যদি অনলাইনে আবেদন করেন তাহলে আপনার **ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সের** অবশ্যই আবেদনের হেল্থ সার্টিফিকেশন বিভাগ বা হেল্থ সার্টিফিকেশন ফর্ম (DOS-1948) সম্পূর্ণ করে দিতে হবে। ঐ সার্টিফিকেট তারিখসমেত স্বাক্ষর করে দেওয়ার 30 দিনের মধ্যে আপনার অবশ্যই আবেদন জমা করে দিতে হবে।

চাইল্ড সাপোর্টের বিবৃতি

আপনার সন্তান বা সাহায্য করার কোনরকম দায়বদ্ধতা থাকা বা না থাকা নির্বিশেষে New York State (জেনেরাল অবলিগেশন্স ল) অনুযায়ী চাইল্ড সাপোর্ট বিবৃতি জানানো আবশ্যক। **যে ব্যক্তির চাইল্ড সাপোর্ট দেওয়া চার মাস বা তার বেশি সময় যাবৎ বাকি পড়েছে তার ব্যবসা, পেশাদার বা ড্রাইভার্স লাইসেন্স মুলতবি করে দেওয়া যায়।** পেনাল ল এর ধারা §175.35 অনুযায়ী সাহায্য করার দায়বদ্ধতা এড়াতে জেনেশুনে আইন প্রয়োগ ব্যর্থ বা বিফল করার জন্য মিথ্যা লিখিত বিবৃতি জমা করা শাস্তিযোগ্য অপরাধ। জাল করার অভিপ্রায়ে রাজ্য বা স্থানীয় সরকারের কাছে দায়ের করার জন্য মিথ্যা বিবৃতি দেওয়া ক্লাস ই স্তরের গুরুতর অপরাধ হিসাবে গণ্য হয়।

অনলাইন পরিষেবাগুলির বিষয়ে তথ্য:

আরো দ্রুত এবং সহজ প্রক্রিয়ার জন্য, ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস আবেদকদের অনলাইনে আবেদন করার উৎসাহ দিচ্ছে। অনলাইন পরিষেবা ব্যবহার করে আপনি শীঘ্র আপনার আবেদন করতে পারবেন এবং হালখবর পাবেন এবং এর সাহায্যে আপনি লাইসেন্স প্রক্রিয়া চলাকালীন আপনার লাইসেন্স রেকর্ড দেখতে এবং অ্যাক্সেস করতে পারবেন।

আরো সম্পূর্ণ নির্দেশ এবং অন্য অনলাইন তথ্যের জন্য এখানে প্রায়শ প্রশ্নগুলি দেখুন http://www.dos.ny.gov/licensing/lc-faq.html

অনলাইনে কি কি করা যায় এবং কোন তথ্য পাওয়া যায়?

- প্রারম্ভিক আবেদন সম্পূর্ণ করুন
- আবেদনের পরিস্থিতি দেখুন
- আপনার লাইসেন্স পুনর্নবীকরণ করুন
- পরীক্ষার সময় স্থির করুন এবং ফলাফল দেখুন
- লাইসেন্সের পরিস্থিতি দেখুন
- লাইসেন্সের তথ্য সংশোধন করুন
- ডুপ্লিকেট লাইসেন্সের অনুরোধ করুন

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্য কিভাবে রেজিস্টার করতে হয়?

NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্ রেজিস্টার করতে হলে আপনার প্রথমে My NY.gov-এ রেজিস্টার করতে হবে।

আপনি যদি বর্তমানে My NY.gov এর সঙ্গে রেজিস্টার না করিয়ে থাকেন, আমাদের ওয়েবসাইট থেকে http://www.dos.ny.gov/licensing/licensecenter.html তে যান 'Create my Account' লিঙ্কে ক্লিক করুন, এটি আপনাকে My NY.gov রেজিস্ট্রেশন সাইটে নিয়ে আসে; 'I need a NY.Gov ID' নির্বাচন করুন এবং My NY.gov এর জন্য রেজিস্ট্রেশন ফলো করুন। আপনি My NY.gov-এ রেজিস্টার করার পর, My NY.gov-এ আপনি যে বিকল্পগুলি পাবেন তার মধ্যে থেকে NYS লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নেবেন। NYS লাইসেন্স সেন্টারে উপরে ডানদিকের কোণায় যে 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিঙ্ক আছে তাতে ক্লিক করে দেবেন। প্রয়োজনীয় স্থানগুলি পূরণ করে দেবেন এবং নিজে থেকে এই তথ্য লেখা হয়ে যাবে আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরি করা সবকটি নতুন আবেদনে। আপনি একবার এই তথ্য সম্পূর্ণ এবং সেভ করার পরে, 'হোম' ট্যাবে ক্লিক করে এগিয়ে যান।

আমার কাছে যদি ইতিমধ্যে My NY.gov অ্যাকাউন্ট থাকে তাহলে কি করতে হবে?

আপনি ইতিমধ্যে My NY.gov-এ রেজিস্টার হয়ে থাকলে, My NY.gov-এ গিয়ে সাইন ইন করবেন, তারপরে My NY.gov-এ আপনি যে বিকল্পগুলি পাবেন তার মধ্যে থেকে NYS লাইসেন্স সেন্টার বিকল্প বেছে নেবেন। এইভাবে আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্ট তৈরি হবে। NYS লাইসেন্স সেন্টারে উপরে ডানদিকের কোণায় যে 'অ্যাকাউন্ট ম্যানেজমেন্ট' লিঙ্ক আছে তাতে ক্লিক করে দেবেন। প্রয়োজনীয় স্থানগুলি পূরণ করে দেবেন এবং আপনার অ্যাকাউন্ট দিয়ে তৈরি করা সবকটি নতুন আবেদনে নিজে থেকে এই তথ্য লেখা হয়ে যাবে। আপনি এই তথ্য সম্পূর্ণ করে সেভ করার পর, এগিয়ে যাওয়ার জন্য 'হোম' ট্যাবে ক্লিক করে দেবেন।

NYS লাইসেন্স সেন্টারে কিভাবে লাইসেন্সের জন্য আবেদন করব?

এনওয়াইএস লাইসেন্স সেন্টারে লাইসেন্স এর জন্য আবেদন করার জন্য, আপনার অবশ্যই একটি অ্যাকাউন্ট তৈরি করা উচিৎ অথবা আপনার বিদ্যমান অ্যাকাউন্টে লগিন করা উচিৎ। অনলাইনে আপনার লাইসেন্সের আবেদন করতে এই ধাপগুলি অনুসরণ করুন:

- অ্যাকাউন্ট খোলার জন্য রেজিস্টার করুন বা আপনার অ্যাকাউন্টে লগইন করুন (উপরে "NYS লাইসেন্স সেন্টারে (NYSLC) অ্যাকাউন্টের জন্য কিভাবে রেজিস্টার করতে হয়"? দেখে নেবেন)
- আপনি NYS লাইসেন্স সেন্টারে লগ ইন করার পর, 'হোম' ট্যাবে 'এখন নতুন লাইসেন্স বা পার্মিটের জন্য আবেদন করুন' বেছে নেবেন
- অনলাইনে আবেদনের যে নির্দেশ জানানো হবে সেসব অনুসরণ করবেন
- সহায়ক দলিল আপলোড করে দেবেন
- পেমেন্ট করে দেবেন এবং নিশ্চিতকরণ পৃষ্ঠা প্রিন্ট করে নেবেন।

আপনি আপনার অ্যাকাউন্টে লগিন করে আপনার আবেদনের পরিস্থিতি দেখতে পারবেন।

আমি অনলাইনে কিভাবে অতিরিক্ত লাইসেন্স তৈরি করব?

অতিরিক্ত লাইসেন্সের আবেদন করার জন্য আপনার অ্যাকাউন্টে লগইন করে 'আমার লাইসেন্সের ব্যবস্থাপনা করুন' ট্যাবে ক্লিক করবেন এবং তারপরে 'নতুন লাইসেন্স বা পার্মিটের জন্য এখন আবেদন করুন!' লিঙ্ক বেছে নেবেন। নিয়ম এবং শর্তাবলী পড়ে নেবেন এবং তারপর সিস্টেম আপনাকে পথ দেখাবে।

আমি অনলাইনে কিভাবে লাইসেন্স পুনর্নবীকরণ করব?

আপনার কাছে যদি বর্তমানে NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট থাকে, আপনার লাইসেন্স ফুরিয়ে যাওয়ার সময় থেকে তিন মাস আগে আপনি ইমেলে পুনর্নবীকরণের নোটিশ পাবেন। সেই ইমেলে আপনার অ্যাকাউন্টের লিঙ্ক থাকবে। লিঙ্কে ক্লিক করে পুনর্নবীকরণের আবেদন করবেন।

আপনার কাছে যদি বর্তমানে NYS লাইসেন্স সেন্টারের অ্যাকাউন্ট না থাকে, আপনার লাইসেন্স ফুরিয়ে যাওয়ার তিন মাস আগে আপনি ইমেলে পুনর্নবীকরণের নোটিশ পাবেন।

আপনার লাইসেন্স এর মেয়াদ ফুরিয়ে এসেছে। এই নোটিশে NYS লাইসেন্স সেন্টারে অ্যাকাউন্ট খোলার নির্দেশ থাকবে।

অনলাইন সিস্টেমের জন্য আমার ইউসার আইডি কি?

My NY.gov,-এ আপনি যখন আপনার অ্যাকাউন্ট খুলবেন তখন আপনার অনন্য ইউজার আইডি তৈরি করে নেবেন এবং আপনার ইমেল অ্যাড্রেস ব্যবহার করবেন। তারপর ইউজার আইডি দিয়ে আপনি আপনার অ্যাকাউন্ট অ্যাক্সেস করতে পারবেন।

আমার অনলাইন অ্যাকাউন্টের তথ্য কিভাবে হালনাগাদ করব?

দুটো জায়গায় আপনার অনলাইন অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করে দিতে হবে। আপনার My NY.gov-এ এবং আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে আপনার তথ্য হালনাগাদ করতে হবে।

My NY.gov-এ, আপনার অ্যাকাউন্টের ব্যবস্থাপনার তথ্যের জন্য প্রায়শ প্রশ্ন দেখুন।

আপনার NYS লাইসেন্স সেন্টার অ্যাকাউন্টে লগইন করবেন, উপরের সারিতে 'আমার লাইসেন্সগুলির ব্যবস্থাপনা করুন' নামের একটা লিঙ্ক দেখতে পাবেন। সেখান থেকে আপনি যোগাযোগে পরিবর্তন সংশোধন সম্পূর্ণ করে আপনার অ্যাকাউন্টের তথ্য হালনাগাদ করতে পারবেন।

আমি অনলাইনে আবেদন করছি, আমার শারীরিক পরীক্ষার বিষয়ে এই ডিপার্টমেন্টকে কিভাবে জানাব?

নাপিতের লাইসেন্স পাওয়ার আবেদন করতে হলে সব আবেদকের একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্সকে দিয়ে পরীক্ষা করিয়ে নিতে হবে। একজন ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্স পরীক্ষা করার পর 30 দিনের মধ্যে লাইসেন্সের আবেদন জমা করে দিতে হবে এবং ঐ আবেদনে তাদের নাম এবং যোগাযোগের তথ্য জানাতে হবে। হেল্থ সার্টিফিকেশন ফর্ম (DOS-1948) পূরণ করে দিতে হবে এবং ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট থেকে সেটা ডাউনলোড করা যায়।

NYS লাইসেন্স সেন্টার দিয়ে আপনার অনলাইন আবেদনে আপনার অবশ্যই সম্পূর্ণ করা হেল্থ সার্টিফিকেশন ফর্মের তথ্য জানাতে হবে। আপনার এই পত্র থেকে তথ্য নিয়ে সিস্টেমের হেল্থ সার্টিফিকেশনের জায়গাগুলিতে তথ্য জানাতে হবে।

অনুগ্রহ করে নোট করবেন: এই প্রয়োজনীয় শর্তপূরণ করা হচ্ছে কিনা সুনিশ্চিত করার জন্য একজন অনুসন্ধানকারী এই সম্পূর্ণ করা হেল্থ সার্টিফিকেশন ফর্ম পরীক্ষা নিরীক্ষা করে দেখবেন। পরীক্ষা নিরীক্ষার জন্য আপনার কর্মস্থলে অবশ্যই এই ফর্মের প্রমাণ রাখতে হবে।

আমি শিক্ষানবিশির উপর ভিত্তি করে অনলাইনে আবেদন করছি, আমার সুপারভাইজার নাপিত কিভাবে নিশ্চয়তা সম্পূর্ণ করবেন?

যদি আপনার সুপারভাইজার নাপিতের এনওয়াইএস লাইসেন্সিং সেন্টারের মাধ্যমে একটি অনলাইন অ্যাকাউন্ট থাকে, অনলাইনে

নিশ্চয়তা সম্পূর্ণ করার জন্য নির্দেশ সহ তারা একটি ইমেল পাবেন। যদি আপনার সুপারভাইজিং নাপিতের একটি অ্যাকাউন্ট না থাকে আপনাকে একটি নিশ্চয়তার সার্টিফিকেট আপলোড করার জন্য নির্দেশ দেওয়া হবে।

গোপনীয়তার বিজ্ঞপ্তি

আবেদনে আমার কি আমার সোশাল সিকিওরিটি এবং ফেডেরাল আইডি নম্বর জানাতে হবে?

হ্যাঁ। আপনার কাছে যদি সোশাল সিকিওরিটি নম্বর বা ফেডেরাল আইডি নম্বর থাকে তাহলে আপনাকে অবশ্যই সেই নম্বর জানাতে হবে। আপনার কাছে যদি সোশাল সিকিওরিটি নম্বর বা ফেডেরাল আইডি নম্বর না থাকে, তাহলে অনুগ্রহ করে লিখিত কৈফিয়ত জানাবেন।

ডিপার্টমেন্ট অফ স্টেটের সব লাইসেন্সপ্রাপকদের ফেডেরাল সোশাল সিকিওরিটি এবং এমপ্লই আইডেন্টিফিকেশন নম্বর সংগ্রহ করতে হয়। ট্যাক্স ল-এর ধারা §5 এবং জেনেরাল অবলিগেশন্স ল-এর ধারা §3-503-এ এই প্রকারের ব্যক্তিগত তথ্যের অনুরোধ করা এবং রাখার অধিকারের উল্লেখ আছে। আপনি এইগুলি জানাতে বাধ্য। যেসব ব্যক্তি, ব্যবসা এবং অন্যান্যরা কর বিবরণী দায়ের করার ব্যাপারে অপরাধ করে বা স্ব স্ব করের দায় কম মূল্যায়ন করেছে তাদের সনাক্ত করা এবং যেসব ব্যক্তি কমিশনার অফ ট্যাক্সেশন অ্যান্ড ফাইন্যান্সের পরিচালিত কর দ্বারা প্রভাবিত সাধারণভাবে তাদের সনাক্ত করায় ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন এবং ফাইন্যান্সের সুবিধার জন্য এই তথ্য সংগ্রহ করা হয়। কর বন্দোবস্তের উদ্দেশ্যে এবং ট্যাক্স ল দ্বারা অনুমোদিত অন্য কোন উদ্দেশ্যসাধনের জন্য এটা ব্যবহার করা হবে এবং তাছাড়া সাপোর্টের আদেশ চালু, পরিবর্ধন বা বলবৎ করার জন্য সোশাল সিকিওরিটি অ্যাক্টের টাইটেল IV-D অনুসারে স্থাপিত এই বা অন্যান্য রাজ্যের চাইল্ড সাপোর্ট প্রয়োগকারী সংস্থা বা তাদের অনুমোদিত প্রতিনিধিরা এটা ব্যবহার করতে পারে। যখন কোন নম্বর জানানো হয় না সেক্ষেত্রে লিখিত কৈফিয়ত দেওয়া প্রয়োজন। ডায়রেক্টর অফ অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট One Commerce Plaza, 99 Washington Avenue, Albany, NY 12231-0001-এ লাইসেন্সিং ইনফর্মেশন সিস্টেমে এই তথ্য রেখে দেওয়া হবে।

আপনি কি ভোট দেওয়ার জন্য নিবন্ধন করতে চান?

অনুগ্রহ করে www.elections.ny.gov/votingregister.html-তে NY State Board of Elections গিয়ে দেখুন
অথবা 1-800-FOR-VOTE কল করে NYS ভোটদাতার নিবন্ধন প্রক্রিয়ার জন্য অনুরোধ জানান

FOR OFFICE USE ONLY | APPLICATION NUMBER BO-A-____ - ______________ | FEE $40

NEW YORK STATE OF OPPORTUNITY | Division of Licensing Services

নিউ ইয়র্ক স্টেট
ডিপার্টমেন্ট অফ স্টেট
ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস
P.O. Box 22001
Albany, NY 12201-2001
গ্রাহক পরিষেবা: (518) 474-4429
www.dos.ny.gov

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

আবেদন সম্পূর্ণ করার আগে সাবধানে নির্দেশগুলি পড়ে নিন। আপনার অবশ্যই প্রতিটি প্রশ্নের উত্তর দেওয়া উচিৎ এবং উত্তর প্রিন্ট করা উচিৎ কালিতে।

আমি ("✓" শুধুমাত্র একটি) এর ভিত্তি করে লাইসেন্সের আবেদন করছি:

_____ 1. শিক্ষানবিশি– নাপিতের শিক্ষানবিশির রেজিস্ট্রেশন ইউআইডি #______________ মেয়াদপূর্তির তারিখ ______________
_____ 2. NYS এর বাইরে শিক্ষা
_____ 3. NYS শিক্ষা
_____ 4. অভিজ্ঞতা *(রাজ্যের বাইরে 3 বছর)* রাজ্য ______________ দেশ ______________
_____ 5. পূর্ববর্তী NYS নাপিতের কাজের লাইসেন্স – ইউআইডি #______________ মেয়াদপূর্তির তারিখ ______________
_____ 6. পারস্পরিক অধিকার - রাজ্যের নাম জানান

আপনি যদি উপরের বিকল্প 1, 2, 3, 4 বা 5 বেছে থাকেন তাহলে আপনাকে একটা লিঙ্ক ইমেল করা হবে যাতে আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনি ব্যবহারিক পরীক্ষার সময় স্থির করে নিতে পারেন।

_____ **আমার পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্ত প্রয়োজন**

আপনার যদি শেখায় অক্ষমতা বা কোন শারীরিক, মানসিক বা মনস্তাত্বিক অক্ষমতা থাকে এবং পরীক্ষা দেওয়ার জন্য বিশেষ বন্দোবস্তের অনুরোধ করেন তাহলে আপনার আবেদনের সঙ্গে অবশ্যই একটা সম্পূর্ণ করা "বিশেষ পরীক্ষার বন্দোবস্তের" ফর্ম (DOS-1591) জমা করতে হবে। এছাড়াও আপনার ডাক্তার, অন্য যোগ্য পেশাদারের কাছ থেকে সহায়ক দলিল অথবা স্কুল বা অন্য প্রতিষ্ঠানে আগেকার উপযোজনের প্রমাণ জমা করতে হবে যাতে আপনার অবস্থার বর্ণনা এবং যে পরিবর্ধনের অনুরোধ করা হয়েছে তার ব্যাখ্যা জানাতে হবে। আপনার আবেদনে অনুমোদন পাওয়ার পর আপনার পরীক্ষার সময় স্থির করার জন্য NYS-এর একজন প্রতিনিধি আপনাকে যোগাযোগ করবেন।

আবেদকের তথ্য

প্রথম নাম	পদবী	মাঝের নাম	প্রত্যয়	
বাড়ির ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)			সুইট, অ্যাপা. ইউনিট	
শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ
ডাক ঠিকানা (এখানে পোস্ট বাক্স জানান)				
শহর	রাজ্য	জিপ+4	কাউন্টি	দেশ
ইমেল ঠিকানা	সোশাল সিকিওরিটি নম্বর	ফেডেরাল ট্যাক্সপেয়ার আইডি		
জন্ম তারিখ	বাড়ির ফোন	মোবাইল ফোন	কর্মস্থলের ফোন	

পারিপার্শ্বিক অবস্থার তথ্য

হ্যাঁ or **না**

1. আপনি কি সংক্রমণ নিয়ন্ত্রণ কোর্স সম্পূর্ণ অথবা অনুমোদিত করেছেন? ______ ______

➔ **(দ্রষ্টব্য: আপনাকে এই কোর্স সম্পূর্ণ করতে হবে এবং আপনাকে অবশ্যই আসল কোর্স সম্পূর্ণ করার সার্টিফিকেট সংযুক্ত করতে হবে এই আবেদনের সঙ্গে যদি না আগে থেকে একটি শিক্ষানবিশ আবেদনের সঙ্গে জমা করা হয়।)**

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

হ্যাঁ অথবা **না**

2. আপনি কি কখনও এই রাজ্যে অথবা অন্য কোথাও এমন কোন অপরাধমূলক ঘটনায় দোষী সাব্যস্ত্য হয়েছেন যা একটি সামান্য বা জঘন্য অপরাধ? ______ ______

➔ **যদি "হ্যাঁ,"** তাহলে একটি লিখিত ব্যাখ্যা জমা করুন স্থান, কোর্টের জুরিসডিকশন, অপরাধের ধরন, শাস্তি এবং / অথবা অন্যান্য বৈশিষ্ট্য সহ। আপনাকে অবশ্যই অভিযোগের যন্ত্রের একটি প্রতিলিপি প্রদান করতে হবে (উদাহরণ অভিযোগনামা, অপরাধমূলক তথ্য অথবা অভিযোগ) এবং কোর্ট থেকে একটি চরিত্রের সার্টিফিকেট। যদি আপনার কাছে থাকে অথবা আপনি পান একটি ত্রানের সার্টিফিকেট অক্ষমতা থেকে, ভালো ব্যবহারের সার্টিফিকেট অথবা নির্বাহী ক্ষমা, আপনার অবশ্যই এই আবেদনের সঙ্গে একটি প্রতিলিপি জমা করা উচিৎ।

3. এই রাজ্যের অথবা অন্য কোথাও কি আপনার নামে কোন অপরাধমূলক অভিযোগ কোন কোর্টে বাকি পড়ে আছে (সামান্য অপরাধ অথবা জঘন্য অপরাধ)? ______ ______

➔ **যদি "হ্যাঁ,"** আপনাকে অবশ্যই অভিযোগের যন্ত্রের একটি প্রতিলিপি প্রদান করতে হবে (উদাহরণ অভিযোগনামা, অপরাধমূলক তথ্য অথবা অভিযোগ) কোর্ট থেকে।

4. আপনাকে বা আপনি প্রধান ছিলেন এমন কোন কোম্পানিকে কি এমন কোন লাইসেন্স বা পারমিট দেওয়া হয়েছে নিউ ইয়র্ক স্টেটে বা অন্যকোথাও যা বাতিল হয়েছে, সাস্পেন্ড হয়েছে, বা প্রত্যাখ্যান করা হয়েছে? ______ ______

➔ **যদি "হ্যাঁ,"** আপনাকে অবশ্যই সমস্ত প্রাসঙ্গিক তথ্যাবলী, যার অন্তর্গত এজেন্সির নিরূপণ, যদি কোন।

যদি আপনি শিক্ষানবিশির উপর ভিত্তি করে আবেদন করেন, এই অংশটি অবশ্যই আপনার সুপারভাইজিং নাপিতের দ্বারা সম্পূর্ণ করতে হবে:

লাইসেন্স প্রাপ্ত সুপারভাইজিং নাপিতের নিশ্চিতকরণ:

আবেদকের সম্পূর্ণ নাম (মুদ্রিত)	সুপারভাইজিং নাপিতের অপারেটর লাইসেন্স অনন্য আইডি সংখ্যা *

** লাইসেন্স সার্টিফিকেটের উপরের বাঁদিকের কোণে লাইসেন্স অনন্য আইডি সংখ্যা পাওয়া যায়*

আমি, নিম্নস্বাক্ষরকারী, সাবস্ক্রাইব ও প্রতারণার জরিমানা অধীনে নিশ্চিত করছি যে, এই নামের আবেদনকারী একজন রেজিস্টার করা শিক্ষানবিশ নাপিত হিসাবে আমার সুপারভিশনের এবং নির্দেশের অধীনে নির্দেশ করা সময়কালের জন্য অভ্যাস করেছে এবং সেই অময়ে আমি জেনারেল বিজনেস ল (আর্টিকেল২৪) এর নিয়মাবলী অনুযায়ী একজন যথাযথভাবে লাইসেন্স প্রাপ্ত নাপিত ছিলাম।

সুপারভাইজিং বারবার অপারেটর:

X ______________________________ *তারিখ* ______________

শিক্ষানবিশির তারিখ

থেকে ______________ থেকে ______________ থেকে ______________

পর্যন্ত ______________ পর্যন্ত ______________ পর্যন্ত ______________

স্বাস্থ্যের সার্টিফিকেট আপনার শারীরিক পরীক্ষার **30 দিনে**র মধ্যে আপনার অবশ্যই আবেদন জমা করে দিতে হবে।

আমি একজন যথাযথ লাইসেন্সপ্রাপ্ত ডাক্তার, ডাক্তারের সহযোগী বা পেশাদার নার্স এবং এই আবেদনে যে ব্যক্তির উল্লেখ করা হয়েছে____________________________ *(পরীক্ষার তারিখ) তারিখে* তার রুটিনমত পরীক্ষা করার পর, আমি এমন কোন সংক্রামক বা ছোঁয়াচে রোগের উপস্থিতির প্রমাণ পাইনি যা আবেদকের পেশায় কাজ করতে গিয়ে সর্বসাধারণের স্বাস্থ্য বা নিরাপত্তার জন্য গুরুতর আশঙ্কা বা প্রত্যক্ষ ক্ষতির কারণ হতে পারে।

ডাক্তারের নাম লিখবেন ____

কাজের জায়গার ঠিকানা ____

____

ডাক্তারের স্বাক্ষর ____ *তারিখ* __________________

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

চাইল্ড সাপোর্টের বিবৃতি

এই আবেদনে স্বাক্ষর করে, আমি প্রতিপাদন করছি যে এই আবেদনের তারিখ পর্যন্ত, আমার চাইল্ড সাপোর্ট দেওয়ার কোনরকম দায়বদ্ধতা নেই **বা** যদি আমার চাইল্ড সাপোর্ট দেওয়ার দায় থাকে সেক্ষেত্রে চার বা তার বেশি মাস যাবৎ আমার চাইল্ড সাপোর্ট দেওয়া বাকি নেই, বা আয় নিষ্পাদন বা আদালতের দ্বারা নির্ধারিত পেমেন্ট বা রিপেমেন্ট প্ল্যান বা পক্ষগুলির দ্বারা নির্ধারিত প্ল্যানে আমি পেমেন্ট করছি বা আমার চাইল্ড সাপোর্টের দায়িত্ব মুলতবি আদালতের মামলা সাপেক্ষ আছে, বা আমি জনসাধারণের কাছ থেকে সাহায্য বা সম্পূরক সিকিওরিটি ইনকাম পাচ্ছি।

আবেদকের নিশ্চিতকরণ - অপরাধে শাস্তির আইনের অধীন আমি নিশ্চিত করছি যে এই আবেদনের যে বিবৃতি জানানো হয়েছে সেসব সত্য এবং নির্ভুল। আমি আরো নিশ্চিত করছি যে আমি জেনেরাল বিজনেস ল-র ধারা 28-এর বিধান এবং তাতে ঘোষণা করা নিয়ম এবং প্রবিধান আমি পড়েছি এবং বুঝেছি।

X____ ______________________________

গ্রাহকের স্বাক্ষর *তারিখ*

আপনি যদি New York State এডুকেশন অ্যান্ড এক্সামিনেশনের ভিত্তিতে আবেদন করেন, আপনার স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের নিম্নোক্ত অংশ পূরণ করে দিতে হবে:

নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত স্কুলের নিশ্চিতকরণ

স্কুলের নাম		
স্কুলের ঠিকানা (রাস্তার নাম এবং রাস্তা নম্বর জানাবেন)		
শহর	রাজ্য	জিপ+4
স্কুলের কারিকুলাম কোড (NYS ডিপার্টমেন্ট অফ স্টেট দ্বারা নির্ধারিত পাঁচ সংখ্যার কোড)		
স্কুলের ডায়রেক্টার বা প্রিন্সিপালের সম্পূর্ণ নাম (মুদ্রিত)	খেতাব (ডায়রেক্টার বা প্রিন্সিপাল)	
আবেদকের সম্পূর্ণ নাম (মুদ্রিতা)		

আমি অপরাধে শাস্তির আইনের অধীন আমি নিশ্চিত করছি যে উপরোক্ত স্কুল এডুকেশন ল-এর §5001 অনুসারে যথাযথ লাইসেনপ্রাপ্ত এবং/বা State of New York-এর বোর্ড অফ রিজেন্টসের দ্বারা অনুমোদিত। এই আবেদনে যে ব্যক্তির নামোল্লেখ আছে তিনি *(তারিখে)* সফলভাবে প্রশিক্ষণ নির্দেশের অনুমোদিত কোর্স সম্পূর্ণ করেছেন। ______________________

______________________ ______________________

স্কুলের ডায়রেক্টার/প্রিন্সিপালের স্বাক্ষর *তারিখ*

স্কুলের সীলমোহর

নাপিতের কাজের অ্যাপ্লিকেশন

অনুগ্রহ করে মনে রাখবেন এই আবেদনের সঙ্গে যে কোন প্রয়োজনীয় ব্যাখ্যা এবং বিবৃতি যোগ করার কথা এবং তার সঙ্গে আপনার আবেদনের ফি $40 (NYS ডিপার্টমেন্ট অফ স্টেট কে দেওয়ার) – যদি আপনার চেক আপনার ব্যাঙ্ক থেকে ফেরত আসে তাহলে আপনাকে একটি $20 ফি দিতে হবে। ক্রেডিট কার্ড দিয়ে পেমেন্ট করতে চান, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov –এ গিয়ে একটি ক্রেডিট কার্ডের অনুমতি পত্র নিয়ে পূরণ করে এই আবেদনের সঙ্গে ফেরত দেবেন।

আপনার বাসস্থান এবং ইমেল অ্যাড্রেসে কোন পরিবর্তন হলে বিভাগকে তার ব্যাপারে জানিয়ে দেওয়া জরুরী যাতে আপনি আপনার লাইসেন্স সংক্রান্ত পুনর্নবীকরণের নোটিশ এবং অন্য বিজ্ঞপ্তি পেতে পারেন।

দ্রষ্টব্য: আমাদের ওয়েবসাইটে গিয়ে দয়া করে পরীক্ষার প্রত্যাশার ব্যাপারে নিজেকে সুপরিচিত করান।